



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ডেপুটি পোস্টমাস্টার জেনারেল এর কার্যালয়  
সিলেট বিভাগ, সিলেট-৩১০০  
[www.post.sylhetdiv.gov.bd](http://www.post.sylhetdiv.gov.bd)

“ডাক সেবার আধুনিকায়ন  
গ্রাম-শহরের সম্মিলন”

স্মারক নম্বরঃ ১৪.৩১.৯১০০.৫৫৮.১১.০০২.২৪

৮ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখঃ ২১ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

### ‘উদ্যোক্তা নিয়োজন/ নিযুক্তি বিজ্ঞপ্তি’

সিলেট প্রধান ডাকঘরের “স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট”-এ উদ্যোক্তা হিসেবে দায়িত্ব পালনের জন্য ১ জন নারী এবং ১ জন পুরুষ অস্থায়ী ভিত্তিতে নিযুক্তি/নিয়োজনের লক্ষ্যে সিলেট সিটি কর্পোরেশন ও সিলেট সদর উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক<br>নম্বর | পদের নাম   | সিটি<br>কর্পোরেশন/<br>উপজেলার নাম                | পদের সংখ্যা                        | প্রার্থীর যোগ্যতা   | মন্তব্য |
|-----------------|--|--|------------------------------------|---|---------|
| ১               | উদ্যোক্তা (লেটার রাইটার )<br>স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট | সিলেট সিটি<br>কর্পোরেশন ও<br>সিলেট সদর<br>উপজেলা | ২ জন (১ জন নারী<br>এবং ১ জন পুরুষ) | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ<br>মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনা , নাগরিক সেবা<br>প্রদানের বাস্তব অভিজ্ঞতা ও তথ্য প্রযুক্তি<br>সম্পর্কে দক্ষতা;<br>(গ) নিজ খরচে ‘স্মার্ট পোস্টাল সার্ভিস পয়েন্ট’<br>এর জন্য প্রয়োজনীয় উপকরণ (কম্পিউটার,<br>ল্যাপটপ, প্রিন্টার, স্ক্যানার ইত্যাদি), যন্ত্রপাতি<br>এবং আসবাবপত্র ক্রয় করার সামর্থ্য;<br>(ঘ) স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে প্রযুক্তি নির্ভর<br>ডিজিটাল সেবা ও আর্থিক অন্তর্ভুক্তিমূলক সেবা<br>কার্যক্রম পরিচালনার সক্ষমতা থাকতে হবে;<br>(ঙ) কম্পিউটার চালনায় MS Office এ<br>পারদর্শী হতে হবে।<br>(চ) রাষ্ট্র বিরোধী বা ফৌজদারী অপরাধের<br>অভিযোগমুক্ত হতে হবে;<br>(ছ) পূর্বে জনবান্ধব সেবা প্রদানকারী এবং<br>অভিজ্ঞদের অগ্রাধিকার প্রদান করা হবে।<br>(জ) কম্পিউটার বিষয়ক কোন প্রশিক্ষণ<br>কোর্সধারীরা (সনদ বাধ্যতামূলক) এ ক্ষেত্রে<br>অগ্রাধিকার পাবে। |         |

### শর্তাবলী:

০১। আবেদন শুরুর তারিখ: ২৫ এপ্রিল ২০২৪ খ্রি. এবং আবেদনের শেষ তারিখ: ০২ মে ২০২৪ খ্রি. দিবাগত রাত ১১.৫৯।

(আবেদন লিংক- <http://bdpost.eksheba.gov.bd/>)।

০২। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক এবং স্থানীয় বাসিন্দা (পোস্ট কোডের আওতাধীন ও অত্র এলাকায় ন্যূনতম ৫ বছর বসবাসরত) হতে হবে।

০৩। প্রার্থীর বয়স জানুয়ারি, ২০২৪ খ্রি. তারিখে ন্যূনতম ১৮ হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণ যোগ্য নয়।

০৪। অনলাইনে আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবে।

ক) অনলাইন জন্মসনদ এবং সকল শিক্ষাগত ও অভিজ্ঞতার সনদপত্রের ফটোকপি।

খ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব সনদপত্র এবং উদ্যোক্তা কর্তৃক কোনো প্রকার অনিয়ম/বিশৃংখল আচরণের ক্ষেত্রে দায়-দায়িত্ব  
নিবেন এই মর্মে অত্র এলাকায় স্থায়ীভাবে বসবাসরত গণ্যমান্যব্যক্তি/নিকট আত্মীয়র নিকট হতে প্রত্যয়নপত্র।

গ) সদ্যতোলা ০১ (এক) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;

চলমান পাতা-২

